

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd

নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-৩৩৭

তারিখঃ ০৭ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ **অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা প্রদানের অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০১৯-২০২০ অর্থ-বছর হতে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারকে প্রথমবারের মত মাসিক ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.bkkf.org.bd) লগইন করে অভ্যন্তরীণ ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনপূর্বক আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে অনলাইনে মাসিক ভাতার আবেদন করার জন্য আহ্বান জানানো হয়েছে।

এ সংক্রান্ত একটি লিফলেট এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ক্রীড়াসেবীদের মাঝে বহুল প্রচারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মাসিক ভাতা প্রদানের বিজ্ঞপ্তি ৩০ ডিসেম্বর, ২০১৯ তারিখে দৈনিক 'যুগান্তর' ও 'কালের কণ্ঠ' পত্রিকায় প্রকাশিত হয়েছে।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি- ০৩ (তিন) কপি।

০৭/০২/২০২০
সচিব

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
ফোনঃ ৯৫৭৩৫৭০।

ই-মেইলঃ sec.bkkf@gmail.com

প্রাপকঃ

উপজেলা নির্বাহী কর্মকর্তা

..... উপজেলা

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ৬ আগস্ট তারিখে ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চায় অবদান রেখেছেন বা রাখছেন এমন সকল ক্রীড়াসেবীদের কল্যাণার্থে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন ২০১১' এর মাধ্যমে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০১২ সাল হতে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের অনুদান প্রদান করা হচ্ছে।

২০১৯-২০২০ অর্থ-বছরের মাসিক ভাতা/এককালীন অনুদানের আবেদন আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ফাউন্ডেশনের ওয়েবসাইট www.bkkf.org.bd এ লগইন করে অভ্যন্তরীণ ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ই-মেইলঃ sec.bkkf@gmail.com, ওয়েবসাইটঃ www.bkkf.org.bd
টেলিফোন নম্বরঃ ৯৫৭৩৫৭০, মোবাইলঃ ০১৭১২-১২৮৯৮৩
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।